


# যুগান্তর

## পাবিপ্রবি'র ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

প্রকাশ : ২৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 পাবনা প্রতিনিধি



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। শনিবার ফল প্রকাশ কমিটি ভিসি প্রফেসর ড. এম রোস্তুম আলীর উপস্থিতিতে ফল প্রকাশ করেন।

গত ১৫ নভেম্বর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ শহরের ১৫টি শিক্ষাপ্রতিষ্ঠানে দুই শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

পাবিপ্রবির জনসংযোগ দফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, চলতি শিক্ষাবর্ষে ৯২০টি আসনের বিপরীতে আবেদনকারী ছিলেন ২৫ হাজার ৭০৫ জন। ‘এ’ ইউনিটে পাসের হার ৩০.০৮ এবং ‘বি’ ইউনিটে পাসের হার ২২.৪৩।

শনিবার দুপুরে প্রো-ভিসি ফল প্রকাশ কমিটি ভিসি প্রফেসর ড. এম রোস্তুম আলীর হাতে ফল তুলে দেন। এ সময় প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ, অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, প্রফেসর ড. মুশফিকুর রহমান, সাইফুল ইসলাম, শেখ রাসেল আল আহমেদ, ড. হাসিবুর রহমান, আনোয়ার হোসেন ও প্রক্টর ড. প্রীতম কুমার দাস উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।